গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-১৫৩ তারিখঃ ০১/০৮/২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ** **কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত জুলাই, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরুপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসংগে প্রেরণ করা হলো।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১২ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন** প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **আগস্ট, ২০১৮** মাসের সমন্বয় সভার **কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১২ আগস্ট, ২০১৮** তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০১/০৮/১৮
(মোঃ মজিবর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৫৮১৫৩৮৫৬।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

**কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ<br>মহাপরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর। |
| তারিখ | : | ২৯ জুলাই, ২০১৮ খ্রিঃ। |
| সময় | : | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে কৃষি বিপণন অধিদপ্তরের রাংগামাটি জেলা মার্কেটিং অফিসের বাজার কর্মকর্তা (দায়িত্ব প্রাপ্ত) জনাব মোস্তাক আহমেদ গত ২৭/০৭/২০১৮ তারিখ অপরাহ্নে আকস্মিকভাবে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করায় তাঁর মৃত্যুতে কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৮ মাসের সমন্বয় সভায় শোক প্রস্তাব গৃহীত হয়। তাঁর সম্মানে ০১ (এক) মিনিট নিরবতা পালন এবং তাঁর শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনায় মহান আল্লাহর দরবারে মোনাজাত করা হয়। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ২৮/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ২৮/০৬/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১**: ২৮/০৬/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার দর পর্যালোচনাঃ**<br>ঢাকা শহরে চাল (মাঝারী ও মোটা), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), কাঁচা মরিচ, আলু (হল্যান্ড) এবং উচ্ছে/করল্যার দাম বৃদ্ধি পেয়েছে।<br>০৭টি বিভাগে চাল (সরু, মাঝারী ও মোটা), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচামরিচ, আলু (হল্যান্ড সাদা), মিষ্টি কুমড়া, টমেটো, করল্লা/উচ্ছে এবং মুরগী'র (ব্রয়লার) দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১**: যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল (সরু, মাঝারী ও মোটা), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচামরিচ, আলু (হল্যান্ড সাদা), মিষ্টি কুমড়া, টমেটো, করল্লা/উচ্ছে, মুরগী (ব্রয়লার) এবং অন্যান্য শাক-সব্জিসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: আসন্ন ঈদ-উল-আযহা-কে সামনে রেখে RAB-এর সাথে আলোচনাপূর্বক তারিখ নির্ধারণ করে মোহাম্মপুর টাউল হল বাজারসহ কয়েকটি বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-৩**: বাজারদর মনিটরিং-এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মনিটরিং কার্যক্রম জোরদার করবেন এবং বাজারদর সংক্রান্ত তথ্য অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশের লক্ষ্যে ভেরিফাই ও মনিটরিং-এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের নিজ- | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>ভেরিফাই ও মনিটরিং-এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। অন্যথায় তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | **সিদ্ধান্ত-৪:** যেসকল জেলা হতে বাজারদর তথ্য আপডেট করেনি তাঁদের-কে বাজারদর তথ্য আপডেট এবং মাঠ পর্যায়ের সকল অফিস-কে বাজারদর তথ্য আবশ্যিকভাবে দুপুর ০১:০০ ঘটিকার মধ্যে ওয়েব-সাইটে প্রকাশ করতে পূণরায় পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-৫:** আসন্ন ঈদ-উল-আযহা-কে সামনে রেখে মসলাসহ অন্যান্য পণ্যের বাজারদর স্থিতিশীল রাখার লক্ষ্যে বিভাগ ও জেলাসমূহে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৩. | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ**<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৪টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | **সিদ্ধান্ত-১:** যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২:** আসন্ন ঈদ-উল-আযহা-কে সামনে রেখে কৃষিপণ্যসহ অন্যান্য পণ্যাদি যৌক্তিকমূল্যের মধ্যে বিক্রি নিশ্চিতকরণে জেলা পর্যায়ে ডিএমও/ডিএমআইগণ মনিটরিং জোরদার করবেন। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৪. | **গবেষণা শাখা**<br>সারাদেশে হিমাগারের সংখ্যা ৩৬৩টি, মোট ধারণ ক্ষমতা ২৭.৮১ লক্ষ মেঃ টন। | **সিদ্ধান্ত-১:** ফুল বিপণনে যৌক্তিক মূল্য নির্ধারণ ও পরবর্তী করণীয় বিষয়ে ফুল ব্যবসায়ীদের পত্র প্রেরণ পূর্বক লিফলেট, হ্যান্ডবিল প্রস্তুত করে প্রচার-প্রচারণা কাযক্রম অব্যাহত রাখতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-২:** ইতোমধ্যে প্রস্তুতকৃত আলু, পিঁয়াজ, রসুন, আম, ফুল ও কলার সাপ্লাই চেইন ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অন্যান্য পণ্যের সাপ্লাই চেইন প্রস্তুত অব্যাহত রাখতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-৩:** কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয় ও বিপণন মূল্যের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত পুর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | গবেষণা শাখা |
| ৫. | **আরইটিসি শাখা**<br>সারাদেশে মোট প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা ৯২৫টি। মে/১৮ মাসের চেয়ে জুন/১৮ মাসে ৩১.৯৭% রাজস্ব আদায় হ্রাস পেয়েছে। | **সিদ্ধান্ত-১:** APA- অনুযায়ী Non-Tax রেভিনিউ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরে সকল জেলার জন্য লাইসেন্স-এর টার্গেট নির্ধারণ এবং ১০০% অগ্রগতি অর্জনের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। বিভাগীয় উপ-পরিচালকগণ এ বিষয়ে মনিটরিং জোরদার করবেন। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২:** কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত, ১৯৮৫) অনুযায়ী মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বিভাগ ও জেলা কার্যালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩:** Bangladesh Agro Processors Association-এর সাথে MoU স্বাক্ষরের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে এবং হর্টেক্স ফাউন্ডেশনের সংগে MoU চূড়ান্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| | | **সিদ্ধান্ত-৪:** উপ-পরিচালক (আরইটিসি, পিপি ও গবেষণা) সমন্বয়ে প্রশাসন শাখা হতে একটি কমিটি গঠন করতে হবে। কমিটি লাইসেন্স বাতিল ও সংরক্ষণের জন্য একটি ফরমেট প্রস্তুত পূর্বক আগামী সভার পূর্বে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবে। | উপ-পরিচালক (আরইটিসি, পিপি ও গবেষণা)।<br>সহকারী পরিচালক (প্রশাসন)। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৬. | **নীতি ও পরিকল্পনা শাখা**<br>০৩টি প্রকল্প ও ২টি কর্মসূচীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরর করা হয়েছে। চালু প্রকল্প ০১টি, চালু কর্মসূচী ০২টি। | **সিদ্ধান্ত-১**: মন্ত্রণালয়ে প্রেরিত কাঁঠাল এবং আলু প্রকল্প/কর্মসূচী ০২টি'র পিপিএনবি অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষি বিপণন অধিদপ্তর শক্তিশালীকরণ এবং ফুল সংক্রান্ত প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচী ০২টি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| ৭. | **গুদাম ব্যবস্থাপনা শাখা**<br>মোট গুদাম ৮১টি, শস্য জমার পরিমান ৫,০০৫ মেঃ টন, ঋণ বিতরণ ৭০২.১১ লক্ষ, এফডিআর ১১৭.৮৯ লক্ষ, গুদামের সঞ্চয়ী হিসাবে রক্ষিত ১০.০৪ লক্ষ, মোট তহবিল ১২৭.৯৩ লক্ষ টাকা, ঋণ খেলাপী গুদামের সংখ্যা ১৭টি, খেলাপী ঋণের পরিমাণ ৭৩.৬৭ লক্ষ টাকা। | **সিদ্ধান্ত-১**: ওয়্যার হাউজ অর্ডিন্যান্স, ১৯৫৯-এর আলোকে সারাদেশ হতে প্রাপ্ত ওয়্যার হাউজের জেলাভিত্তিক তথ্য Compile পূর্বক মহাপরিচালক বরাবর উপস্থাপন অব্যাহত রাখতে হবে। ওয়্যার হাউজের সংজ্ঞা বর্ণনা পূর্বক সংশ্লিষ্ট জেলা অফিসসমূহে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)।<br>আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: ২০১৮-২০১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী গুদাম ব্যবস্থাপনা শাখার জন্য যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জনের জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)। |
| ৮. | অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন<br>মোট অডিট আপত্তি-১২টি, ব্রডশীট জবাব-১২টি, অভ্যন্তরীণ অডিট সম্পন্ন ৪৬টি অফিস। | **সিদ্ধান্ত-১**: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্য অর্জনের জন্য অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে হিসাব শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব প্রেরণের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করবেন। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>হিসাব শাখা |
| | | **সিদ্ধান্ত-২**: অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় নিয়মিতভাবে জেলা অফিসসমূহের অডিট কার্যক্রম পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল অব্যাহত রাখবে এবং জেলাসমূহ অডিটে নির্দেশিত বিষয়সমূহ প্রতিপালন অন্তে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করবে। | হিসাব শাখা<br>অডিট টিম |
| | | **সিদ্ধান্ত-৩**: অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে ব্রডশিট জবাব প্রেরণের জন্য যশোহর, কুষ্টিয়া, বাগেরহাট ডিএমও/ডিএমআই অফিস এবং সমাপ্ত পিরোজপুর প্রকল্পের অডিট আপত্তি নিস্পত্তির জন্য পূণরায় পত্র প্রেরণ করতে হবে। এ বিষয়ে উপ-পরিচালক খুলনা তদারকি করবেন। | বিভাগীয় উপ-পরিচালক খুলনা।<br>অডিট টিম (হিসাব শাখা)।<br>ডিএমও/ডিএমআই যশোহর/কুষ্টিয়া/বাগেরহাট।<br>সমাপ্ত পিরোজপুর প্রকল্প। |
| ৯. | ICT শাখা<br>ই-ফাইলে সদর দপ্তরে প্রাপ্ত ডাক ১,৬৭৮, ই-ফাইলে নিস্পন্ন ১,৭৬৫, ই-ফাইলে পত্র জারী ১৪৮টি। এছাড়া ঢাকা বিভাগে ৫৪টি, বরিশালে ৩৫টি, চট্রগ্রামে ১৪টি, রাজশাহী ২৯টি, খুলনায় ৬১টি, রংপুরে ৩০টি ও সিলেট ৫৪টি পত্র ই-ফাইলে জারী করা হয়েছে। | **সিদ্ধান্ত-১**: কৃষি বিপণন অধিদপ্তরের ই-নথি কার্যক্রম জোরদার করতে দ্বিতীয় ধাপে মোট ২৩টি জেলা কার্যালয়-কে ই-নথিতে অন্তর্ভূক্ত করার জন্য প্রতি জেলা হতে ০২ (দুই) জন করে কর্মকর্তা/কর্মচারী-কে সদর দপ্তরে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (নির্বাচিত ২৩টি জেলা)। |
| ১০. | কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক। | **সিদ্ধান্ত-১**: ২০১৮-২০১৯ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% ভাগ কার্যাদি সম্পন্ন পূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন। | APA ফোকাল পয়েন্ট<br>শাখা প্রধান (সকল)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>প্রকল্প/কর্মসূচী পরিচালক |
| ১১. | কৃষি বিপণন অধিদপ্তরে SDG's বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন। | **সিদ্ধান্ত-১**: SDG's সরকারে অগ্রাধিকার কার্যক্রম, সেহেতু SDG's সংক্রান্ত কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রমসমূহ চিহ্নিত করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | উপ-পরিচালক (পিপি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল) |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১২. | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিষ্পত্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ | **সিদ্ধান্ত-১**: বিভাগীয় কার্যালয় হতে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ১৩. | তথ্য অধিকার আইন। | **সিদ্ধান্ত-১**: শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার আইন বিষয়ে ০২ প্রান্তিকে অন-লাইনে প্রশিক্ষণের জন্য ০২ (দুই) জন কর্মকর্তার নাম চূড়ান্ত করে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর)। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শুদ্ধাচার কৌশল (সদর দপ্তর)। |
| | | **সিদ্ধান্ত-২**: তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম ব্যবহারকারীদের তথ্য প্রদান এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) বিভাগীয় উপ-পরিচালক (সকল) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) |
| | | **সিদ্ধান্ত-৩**: তথ্য প্রদানের জন্য অতি দ্রুত তথ্য অধিকার আইনে নির্ধারিত আবেদন ফরম বিভাগ ও জেলা কার্যালয়সমূহে প্রেরণ করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| ১৪. | সেন্ট্রাল মার্কেট পরিচালনা | **সিদ্ধান্ত-১**: দাগ খতিয়ান নিয়ে সৃষ্ট জটিলতা নিরসন পূর্বক সেন্ট্রাল মার্কেটের ১.৪৩ একর জায়গার মধ্যে বেদখলকৃত ০.৪৩ একর জায়গা সার্ভেয়ারের মাধ্যমে দ্রুত বুঝে নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-২**: সেন্ট্রাল মার্কেটের স্পেস বরাদ্দ প্রদান ও জনবল নিয়োগের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা। |
| ১৫. | ইনোভেশন টিম | **সিদ্ধান্ত-১**: ইনোভেশনের কর্মপরিকল্পনা দ্রুত অনুমোদনের লক্ষ্যে কমিটির সভা আয়োজন এবং ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কল্পে বাজেট বরাদ্দের জন্য দ্রুত মন্ত্রণালয়ে পত্র পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার |
| | | **সিদ্ধান্ত-২**: ইনোভেশন ব্যাংক সমৃদ্ধশালীকরণের লক্ষ্যে বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ উদ্ভাবনমূলক আইডিয়া সৃষ্টপূর্বক সদর দপ্তরে প্রেরণ করবে এবং সেই তালিকা হতে ইনোভেশন ব্যাংক-এর তালিকা সমৃদ্ধকরণ পূর্বক ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | ইনোভেশন অফিসার ও বিভাগীয় মেন্টর (সকল) ফোকাল পয়েন্ট কর্মকর্তা আইসিটি শাখা। |
| ১৬. | ফিল্ড সার্ভিস | আলোচ্য সূচী নেই। | সহকারী পরিচালক (ফিল্ড সার্ভিস) |

আগামী ১৫ আগস্ট, ২০১৮ জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহন নিশ্চিতকরণের নির্দেশ প্রদান এবং ঈদ-উল-আযহার অগ্রীম শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd